

## বধ্যভূমি শস্যভূমি হবে

উদাম স্ফুলিঙ্গ পেলে আমিও আগুন হতে পারি

আমিও পোড়াতে পারি শুকনো খড় শুকনো পাতা  
সূপীকৃত যা কিছু জঞ্জাল  
শিখে নিই আগুনের যোগ্য ব্যবহার।

সুরের সংরাগ পেলে আমিও শোনাতে পারি যে কোন সঙ্গীত।

সারোদে ভৈঁরো কিংবা ইমন কল্যাণ  
খান্দাজ বেহাগে আমি যৌবন নাচাই  
পেয়ে যাই অন্য এক শিল্পময় সুরের ভুবন।

আমিও আঘাত পেলে প্রত্যাঘাত ফিরে দিতে পারি

আত্মণ ভেঙে ফেলতে করি আত্মণ  
জেনে গেছি হিংসার বিদ্বে হিংসা পৃথিবীর সঠিক উত্তর।

রন্ধাত মাটিতে আমি স্বপ্নের বীজ বুনে যাই  
সেই স্বপ্ন একদিন পল্লবিত হলে  
বধ্যভূমি হয়ে যাবে শস্যের তল্লাট।

মোহিনীমোহন গঙ্গোপাধ্যায়

